






## বাথিব সন্তান ডে-কেয়ারে করিব কাজ নিশ্চিত মনে

শিশু দিবা যত্ন হচ্ছে এমন একটি সেবাকেন্দ্র যেখানে কর্মজীবী  
মায়াদের ০-৬ বছরের শিশুদের দেখাশুনা, শিশুর সার্বিক পরিচর্যা  
এবং শিশুদের নিরাপত্তা নিশ্চিত করা হয়।

- কর্মজীবী মায়েরা নিশ্চিত্তে কাজ করতে পারেন;
- কর্ম ক্ষমতা বৃদ্ধি পায়;
- নারীদের চাকুরি থেকে ঝরে পড়ার প্রবনতা কমে;
- নারীদের আর্থিক স্বনির্ভরতা এবং ক্ষমতায়নকে শক্তিশালী করে;
- শিশুরা একটি নির্দিষ্ট সময়ে খাওয়া, গোসল, খেলাধুলা এবং পড়াশুনা  
করে থাকে; ফলে তাদের মধ্যে শিশু বয়স থেকেই শৃংখলা বোধ গড়ে উঠে;
- শিশুরা একে অপরের সাথে সারাদিন মেলামেশা করায় তাদের মধ্যে বন্ধুত্ব  
এবং নতুন কিছু শেখা বা জানার অভ্যাস তৈরি হয়;
- শিশুরা পুষ্টিকর খাবার গ্রহন করে।



## ডে-কেয়ার সম্পর্কিত আইন ও বিধি

- বাংলাদেশ শ্রম আইন ২০০৬ অনুযায়ী, একটি প্রতিষ্ঠানে ৪০ বা তার অধিক নারী শ্রমিক কর্মে নিয়োজিত থাকলে ঐ প্রতিষ্ঠানে ছয় (৬) বছরের কম শিশুদের জন্য এক বা একাধিক উপযুক্ত কক্ষের ব্যবস্থা থাকতে হবে;
- শিশু কক্ষটি অভিজ্ঞ বা প্রশিক্ষণপ্রাপ্ত নারী দ্বারা পরিচালিত হবে;
- প্রত্যেক মা যেমন তার শিশুকে দুধ পান করাবেন বা পরিচর্যা করবেন, তখন তার ব্যবহারের জন্য অন্তত একটি চেয়ার বা আসনের ব্যবস্থা থাকতে হবে;
- তুলনামূলকভাবে একটু বড় শিশুদের জন্য পর্যাপ্ত পরিমাণে এবং উপযুক্ত খেলনা থাকতে হবে;
- শিশু কক্ষটিতে পর্যাপ্ত আলো-বাতাস এবং বায়ু চলাচলের ব্যবস্থা থাকতে হবে এবং এর দেওয়াল ও ছাদ তাপ এবং পানি প্রতিরোধক হতে হবে।

## কারখানায় ডে কেয়ারের ব্যবস্থা কাজে মনোযোগের সাথে বাড়িয়ে দিবে কারখানার উৎপাদনশীলতা

- সন্তানদের নিয়ে নিশ্চিন্তে থাকার ফলে কাজের প্রতি মনোযোগ এবং উৎপাদনশীলতা বাড়বে;
- নারী শ্রমিকদের অনুপস্থিতির হার কমবে ফলে প্রডাকশনে কোন বিঘ্ন সৃষ্টি হবে না;
- ঝরে পড়া দক্ষ নারী শ্রমিকের হার কমায়;
- কারখানার সুনাম বৃদ্ধি পায়;
- মালিকের ব্যবসায়িক লাভ ও শ্রমিক-মালিক সম্পর্কের উন্নয়ন হয়।

## কারখানায় ডে-কেয়ারের অনুপস্থিতি বাড়িয়ে দেয় মালিকের অশান্তি

- নারী শ্রমিকরা দুশ্চিন্তাগ্রস্ত ও অমনোযোগী থাকায় ফলে কাজে মনোযোগ দিতে পারবে না;
- উৎপাদনশীলতা হ্রাস পাবে;
- কারখানায় অনুপস্থিতির হার বাড়বে;
- দক্ষ নারী শ্রমিকদের চাকুরি ছাড়ার হার বাড়বে;
- প্রডাকশন টার্গেট ফিলাপ করতে ব্যর্থ হবে ফলে বায়াররা ঐ কারখানার প্রতি আস্থা হারাতে;
- কারখানার সুনাম কমবে;
- “বাংলাদেশ শ্রম আইন ২০০৬” এ শিশু দিবা যত্ন বাধ্যতামূলক করা আছে; যারা এই আইন অমান্য করবে তারা আইন মোতাবেক কঠোর শাস্তির সম্মুখীন হবে।



**Bangladesh Center for Workers' Solidarity-BCWS**

Fighting for a job with dignity

📍 Islam Tower, 464/H (3rd Floor) West Rampura, DIT Road, Dhaka-1219

☎ +880 2 55128239 ✉ bcws2000@gmail.com 🌐 <https://fb.com/bcws.social>